



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/ ৪৮৬

তারিখঃ ০৭/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আছির উদ্দিন মন্ডলকে স্ব-পদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/৪৫৪; তারিখঃ ২৯/১০/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/১০৬৮২; তারিখঃ ২৪/০৯/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলাধীন বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসার বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আছির উদ্দিন মন্ডল ম্যানেজিং কমিটি কর্তৃক গত ইং ২৫/০২/২০১৩খ্রিঃ তারিখে অবৈধভাবে সুপার পদ হতে বরখাস্তকরণের আদেশ বাতিল করার বিষয়ে আবেদন করেন। আবেদনের সাথে মাননীয় সংসদ সদস্য, ৩৪ জয়পুরহাট-১ জনাব সামছুল আলম দুদু এমপি-র একটি ডিও লেটার রয়েছে। ডিও লেটারে জনাব মোঃ আছির উদ্দিন মন্ডলকে স্ব-পদে পুনঃবহাল করার বিষয়ে সুপারিশ করা হয়।

অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ আছির উদ্দিন মন্ডলকে ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে চূড়ান্ত বরখাস্তের কোন কাগজপত্র অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে দাখিল করা হয়নি। জনাব মোঃ আছির উদ্দিন মন্ডলকে সাময়িক বরখাস্ত করার পর কেন দীর্ঘদিন কোন কার্যক্রম গ্রহণ করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য ম্যানেজিং কমিটিকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক না হওয়ায় জনাব মোঃ আছির উদ্দিন মন্ডলকে সাময়িক বরখাস্ত করার পর কেন দীর্ঘদিন কোন কার্যক্রম গ্রহণ করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটিকে সূত্রোক্ত ১নং স্মারকে পুনরায় পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি কর্তৃক পুনরায় যে ব্যাখ্যা দাখিল করা হয়েছে, যা পূর্বের জবাবের অনুরূপ এবং সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার ও তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী আপিল এন্ড আরবিট্রেশন কমিটির অনুমোদন গ্রহণ না করায় জনাব মোঃ আছির উদ্দিন মন্ডল এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক স্ব-পদে বহাল করে বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।
২) ভারপ্রাপ্ত সুপার, বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/জয়পুরহাট-১০৩/ ৪৮৬

তারিখঃ ০৭/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৩. ভারপ্রাপ্ত সুপার, বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।
৪. জনাব মোঃ আছির উদ্দিন মন্ডল, সুপার, বড়মানিক বালিকা দাখিল মাদ্রাসা, পাঁচবিবি, জয়পুরহাট।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪